

## 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১১১

পরস্পর সালাম বিনিময়

পরিচ্ছেদঃ ৪৫২- সালাম হলো মহামহিম আল্লাহর নামসমূহের অন্তর্ভুক্ত একটি নাম।

بَابُ السَّلامُ اسْمٌ مِنْ أَسْمَاءِ اللهِ عَزَّ وَجَلَّ

## আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ، قَالَ: حَدَّثَنَا مُحِلِّ قَالَ: سَمِعْتُ شَقِيقَ بْنَ سَلَمَةَ أَبًا وَائِل يَذْكُرُ، عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: كَانُوا يُصَلُّونَ خَلْفَ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ الْقَائِلُ: السَّلاَمُ عَلَى اللهِ، فَلَمَّا قَضَى النَّبِيُّ صلى الله عليه وسلم صَلاَتَهُ قَالَ: مَنِ الْقَائِلُ: السَّلاَمُ عَلَى اللهِ؟ اللهِ، فَلَمَّا قَضَى النَّبِيُّ صلى الله عليه وسلم صَلاَتَهُ قَالَ: مَنِ الْقَائِلُ: السَّلاَمُ عَلَيْكَ أَيُّهَا إِنَّ اللّهَ هُوَ السَّلاَمُ، وَلَكِنْ قُولُوا: التَّحِيَّاتُ لِلّهِ وَالصَّلوَاتُ وَالطَّيِبَاتُ، السَّلاَمُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ، السَّلاَمُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللهِ الصَّالِحِينَ، أَشْهَدُ أَنْ لاَ إِلهَ إِلاَّ اللّهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ قَالَ: وَقَدْ كَانُوا يَتَعَلَّمُونَهَا كَمَا يَتَعَلَّمُ أَحَدُكُمُ السَّورَةَ مِنَ الْقُرْآنِ.

## বাংলা

৯৯৯। ইবনে মাসউদ (রাঃ) বলেন, লোকজন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পেছনে নামায পড়ছিলো। এক ব্যক্তি বললো, আসসালামু আলাল্লাহ (আল্লাহর প্রতি সালাম)। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামায শেষে জিজ্ঞেস করেনঃ আসসালামু আলাল্লাহ কে বলেছে? নিশ্চয় আল্লাহ হলেন সালাম (শান্তিদাতাবারানী)। বরং তোমরা বলো, 'আত্তাহিয়াতু লিল্লাহি...... আবদুহু ওয়া রাসূলুল্লাহু'। "সমস্ত সম্মান, ইবাদত, উপাসনা এবং পবিত্রতা আল্লাহর জন্য। হে নবী! আপনার উপর শান্তি বর্ষিত হোক, আল্লাহর রহমত এবং প্রাচুর্যও। আমাদের উপর এবং আল্লাহর নেক বান্দাদের উপর শান্তি বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি, আল্লাহ ছাড়া কোন ইলাহ নাই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি, মুহাম্মাদ তার বান্দাহ ও রাসূল"। রাবী বলেন, সাহাবীগণ তা এতো গুরুত্ব সহকারে শিক্ষা করতেন, যেমন তোমাদের কেউ কুরআনের সূরা শিক্ষা করে। (বুখারী, মুসলিম, আবু দাউদ, তিরমিয়ী, নাসাঈ, ইবনে মাজাহ)

## **English**

Ibn Mas'ud said, " They were doing the prayer with the Prophet, may Allah



bless him and grant him peace, and someone said, 'Peace be upon Allah.' When the Prophet, may Allah bless him and grant him peace, finished the prayer, he said, 'Who said "Peace be upon Allah"? Allah is Peace. Rather say, "Greetings belong to Allah and good words and prayers. Peace be upon you, O Prophet and the mercy of Allah and His blessings. Peace be upon us and upon all the right-acting slaves of Allah. I testify that there is no god but Allah and I testify that Muhammad is His slave and Messenger."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন